গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
Website: www.blcollege.edu.bd

ফোন: +৮৮০২৪৭৭৭০১৪৪
e-mail: infoblcollege@gmail.com

সরকারি ব্রজলাল কলেজ স্থাপিত-১৯০২ দৌলতপুর, খুলনা

## ২০২৩ সালের ডিগ্রি পাস কোর্স (নিয়মিত, অনিয়মিত, অকৃতকার্য ও প্রাইভেট) ১ম বর্ষের পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

আবেদনকারীকে নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/formfillup এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম পূরণ করে প্রিন্ট করতে হবে। বিঃ দ্রঃ ডিগ্রি পাস নিয়মিত ( শিক্ষাবর্ষ ২০২২-২৩), অনিয়মিত যারা আদৌ ফরম পূরণ করেনি (শিক্ষাবর্ষ ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২০২২) ও ২০২৩ সালের প্রাইভেট ছাত্র-ছাত্রী ইনকোর্স পরীক্ষা ব্যতিত পরীক্ষার আবেদন ফরম পূরণের সুযোগ নেই।

১। **নিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীঃ**

| পরীক্ষার্থীর প্রকার | অনলাইনে ব্যাংকে টাকা জমাদানের তারিখ | কলেজে আবেদন ফরম প্রিন্ট কপি জমাদানের তারিখ | পরীক্ষার ফি |
|---|---|---|---|
| নিয়মিত ও প্রাইভেট এবং সার্টিফিকেট কোর্স বিএ, বিএসএস, বিবিএস ও বিএসসি (২০২২-২০২৩ শিক্ষাবর্ষ নিয়মিত এবং ২০২৩ সালের প্রাইভেট) | ২৪.১১.২০২৪ খ্রি. হতে ২৮.১১.২০২৪ খ্রি. ব্যাংকিং সময় পর্যন্ত | ২৪.১১.২০২৪ খ্রি. হতে ০১.১২.২০২৪ খ্রি.সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) | (পরীক্ষার ফি-৮০০/- কেন্দ্র ও ব্যবস্থাপনা ফি-৫০০/- সর্বমোট ১৩০০/-) সার্টিফিকেট কোর্স (পরীক্ষার ফি-৩০০/- কেন্দ্র ও ব্যবস্থাপনা ফি-৫০০/- সর্বমোট ৮০০/-) |

**শিক্ষার্থীদের পরীক্ষার ফিস সোনালী ই-সেবা পে-স্লিপের মাধ্যমে জমা হবে।**

নিয়মিত ২০২২-২০২৩ এবং প্রাইভেট ২০২৩-এর পরীক্ষার্থীরা 'Sonali esheba' এর মাধ্যমে অনলাইনের ওয়েব সাইট **https://admission.studentsheba.com** এ গিয়ে **Online Payment (Admission /Registration /Form fillup)** লিংকে প্রবেশ করে ফি পরিশোধের পর প্রাপ্ত **Payment Slip** এর প্রিন্ট কপি পরীক্ষার আবেদন ফরমের সাথে প্রশাসনিক ভবনের সামনে কাউন্টারে জমা দিতে হবে। **Payment Slip** ব্যতিত কোন আবেদন ফরম পূরণ হবে না বলে গণ্য হবে।

১। ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বরের) নিয়মিতঃ ২০২২-২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে (এ সকল শিক্ষার্থীরা অনলাইনে পেমেন্ট করবে)। ২০২২-২৩ নিয়মিত ও ২০২৩ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম কমিটির স্বাক্ষর করে প্রশাসনিক ভবনে জমা দিতে হবে।

২। অনিয়মিত (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২) এবং প্রাইভেট: (শিক্ষাবর্ষ: ২০২০, ২০২১ ও ২০২২): যারা আদৌ ২০২২ সালের ১ম বর্ষ ডিগ্রী পাস পরীক্ষার আবেদন ফরম পূরণ করেনি। তারা ২৪.১১.২০২৪ হতে ০১.১২.২০২৪ খ্রি. তারিখ প্রশাসনিক ভবনের সামনে জমা দিতে হবে। তাদের আবেদন ফরমে কমিটির স্বাক্ষর করতে হবে।

৩। অনিয়মিত, অকৃতকার্য, মানোন্নয়ন (প্রাইভেট পরীক্ষার্থীসহ) পরীক্ষার ফরম: ২৪.১১.২০২৪ খ্রি. হতে ০১.১২.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে হতে পরীক্ষার আবেদন ফরমের উপরে টাকা নির্ধারণ করে নিয়ে অনলাইনে সোনালী ই-সেবার মাধ্যমে টাকা জমা দিয়ে অনলাইন থেকে পেমেন্ট স্লিপ প্রিন্ট করে এনে আবেদন ফরম ও পেমেন্ট স্লিপ স্ব স্ব কাউন্টারে জমা দিতে হবে। পেমেন্ট স্লিপ স্ব স্ব কাউন্টার হতে স্বাক্ষর করে নিতে হবে। তাদের আবেদন ফরমে কমিটির স্বাক্ষর করতে হবে।

**অনিয়মিত, অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইন আবেদন ফরমের টাকা বাদে কলেজের প্রাপ্য ঃ**

*অনিয়মিত/প্রাইভেট (যারা আদৌ পরীক্ষার আবেদন ফরম পূরণ করেনি)ঃ বিএ, বিএসএস, বিবিএস, বিএসসি পাস ও সার্টিফিকেট কোর্স = ৭০০/- টাকা (অনলাইন ফি বাদে) (ইনকোর্স ২০০+কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০)। অনিয়মিত: (ইনকোর্স ২০০+কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০+ নির্বাচনী ৩৫০+ বেতন ও সেশন চার্জ ১৯৮৩)=৩০৩৩/- অনলাইন ফি বাদে । অকৃতকার্য পরীক্ষার্থীঃ একপত্র , দুইপত্র, তিনপত্র =(কেন্দ্র ফিস ৪৫০+ব্যবস্থাপনা ৫০) ৫০০ টাকা।

* ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

* ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে **F** গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ **F** গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

* ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (C Promoted) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

**৩।পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ**

**ক) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট (৭০০ নম্বর)ঃ**
উপরোক্ত শিক্ষার্থীদের ১ম বর্ষে **"স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

**খ) ডিগ্রি পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষাঃ**
২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় ১ম বারের মতো অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D Grade পেয়েছে তারা C ও D Grade পাওয়া সর্বোচ্চ ২টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বের F Grade প্রাপ্ত পত্রে C ও D Grade এ উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার সুযোগ নেই।

**গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা ২০০ নম্বর ঃ**
১। ২০২৩ সালের সার্টিফিকেট কোর্স এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
২।২০২০, ২০২১ ও ২০২২ সালের সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য **(Not Promoted)** হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩। এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪। এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনে মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫০০০/- ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয় কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ শিক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না । শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পূণরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না। এসকল শিক্ষার্থীদের কেন্দ্র ও ব্যবস্থাপনা ফি বাবদ ৫০০/- জমা দিতে হবে।

৫। **আবেদন ফরম পূরণের পর করণীয় ঃ**
ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে। অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের অনলাইনে প্রাপ্ত ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।
খ) প্রত্যেক পরীক্ষার্থীকে সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে ।
গ) কোন ছাত্র-ছাত্রী লাইব্রেরি থেকে বই গ্রহণ করে থাকলে তা ফেরত দিতে হবে। লাইব্রেরির বই ফেরত ব্যতিত কোন শিক্ষার্থী আবেদন ফরম পূরণের সুযোগ নেই।

৫/১১/২৪

(প্রফেসর সেখ মোঃ হুমায়ুন কবীর)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

০৫/১১/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
**Website: www.blcollege.edu.bd**

ফোন: +৮৮-০২৪৭৭৭০২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com

তারিখ: ১৯কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

# ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট ১ম বর্ষ (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার ফিস

**(ক) নিয়মিত (২০২২-২০২৩ শিক্ষাবর্ষ )(বিএ, বিএসএস, বিবিএস ও বিএসসি)**

| | |
|---|---|
| ১. পরীক্ষার ফিস (বিশ্ববিদ্যালয়) | = ৮০০.০০ |
| ২. কেন্দ্র ফিস | = ৪৫০.০০ |
| ৩. ব্যবস্থাপনা ফিস | = ৫০.০০ |
| সর্বমোট | = ১,৩০০.০০ |

**(খ) প্রাইভেট (২০২৩ সালের) (বিএ, বিএসএস, বিবিএস)**

| | |
|---|---|
| ১. পরীক্ষার ফিস (বিশ্ববিদ্যালয়) | = ৮০০.০০ |
| ২. কেন্দ্র ফিস | = ৪৫০.০০ |
| ৩. ব্যবস্থাপনা ফিস | = ৫০.০০ |
| সর্বমোট | = ১,৩০০.০০ |

**(গ) সার্টিফিকেট কোর্স (২০২৩ সালের )(বিএ, বিএসএস, বিবিএস)**

| | |
|---|---|
| ১. পরীক্ষার ফিস (বিশ্ববিদ্যালয়) | = ৩০০.০০ |
| ২. কেন্দ্র ফিস | = ৪৫০.০০ |
| ৩. ব্যবস্থাপনা ফিস | = ৫০.০০ |
| সর্বমোট | = ৮০০.০০ |

৫/১১/২৪
(প্রফেসর সেখ মো: হুমায়ুন কবীর)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
০৫/১১/২৪

F:\Brajalal College, Khulna\Cash Dept File\Account File\2023 1st Year Degree Pass Exam Fees 04112024.doc

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

সরকারি ব্রজলাল কলেজ স্থাপিত-১৯০২ দৌলতপুর, খুলনা

স্মারক নং ০৫(৫৩৩) জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/ ৫১৬৭ তারিখ : ০৩/১১/২০২৪

## ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১। **সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়ার সংগ্রহ ঃ**

সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে (**www.nubd.info/formfillup**) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। **শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম জমা করার তারিখ ঃ**

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ ঃ ০৩/১১/২০২৪ হতে ২৮/১১/২০২৪ পর্যন্ত
খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ ঃ ০১/১২/২০২৪
গ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ০২/১২/২০২৪ হতে ০৪/১২/২০২৪ পর্যন্ত
ঘ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক) ঃ ০৫/১২/২০২৪ হতে ০৯/১২/২০২৪ পর্যন্ত
ঙ) **ফি বিবরণী, বিবরণী ও অন্যান্য কাগজপত্র স্ব-স্ব কলেজে পরবর্তী ১ম বর্ষ পরীক্ষা পর্যন্ত সংরক্ষণ করতে হবে বিশ্ববিদ্যালয়ে/আঞ্চলিক অফিসে জমা দেয়ার প্রয়োজন নেই।**
চ) **পরীক্ষার্থীদের ইন-কোর্স নম্বর অনলাইনে এন্ট্রির পর ডাউনলোড করে হার্ডকপির গালাসীলকৃত খাম এবং বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক প্রশ্নপত্রের চাহিদা বিবরণী সংশ্লিষ্ট শাখায় অবশ্যই প্রেরণ করতে হবে।**

৩। **২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্সে ১ম বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ**

ক) ১ম বর্ষ (৭০০ নম্বর) – নিয়মিত/প্রাইভেট ঃ ৮০০/- (৭০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
খ) সার্টিফিকেট কোর্স ঃ ৩০০/- (২০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
গ) মানোন্নয়ন ফি/অনিয়মিত ঃ ৩০০/- + প্রতিপত্রে ১০০/- হারে + ১০০/- ইনকোর্স ফি (পূর্বে না দিয়ে থাকলে)
ঘ) কেন্দ্র ফি ঃ ৪৫০/-
ঙ) **এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) যেসকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। শর্ত থাকে যে, ২০২৩ সালের ১ম বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।**

**(প্রতি বর্ষে ভর্তির সময় ২৫০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)**

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) **ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) নিয়মিতঃ**

i) ২০২২-২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) **ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত)ঃ**

i) ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯, ২০২০ , ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০ , ২০২১ ও ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (**Promoted-C**) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

গ) **ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা ঃ**

i) **২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৯, ২০২০ , ২০২১ ও ২০২২ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্রে C বা D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।**



Scanned with CamScanner

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০২৩ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০২০ , ২০২১ ও ২০২২ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**www.nubd.info/formfillup**) এ গিয়ে **Apply to online form Fillup (For Student)**-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৬। অনলাইনে পরীক্ষার্থী ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ

ক) শিক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/degree-pass) এ গিয়ে College Login (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে এবং নিশ্চয়নের সময় ইন-কোর্স নম্বর (incourse mark) entry করতে হবে। ইন-কোর্স নম্বর ছাড়া ডাটা এন্ট্রি নিশ্চয়ন হবে না। এভাবে সকল শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর শিক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদনপত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাইপূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়্যারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীলগালা অবস্থায় (এ সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

ঙ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য nudegreepassexam@gmail.com, misbahcseduet@gmail.com (সকাল ৯.৩০মিঃ থেকে ৪.০০ টা পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

চ) **বিবরণী ফরম পূরণের পর কোন শিক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য শিক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে।**

৭। ফি জমাদানের নিয়মাবলী ঃ

ক) সংশ্লিষ্ট কলেজ (pms.nu.ac.bd/pms/default.aspx সোনালী সেবার মাধ্যমে College Code entry করে Pay Slip download করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

খ) নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য ০১৭১১-০৮১৬০৭ অথবা ০১৭১৭-০৩৭৭৬৬ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৮। প্রবেশপত্র সংশোধন ঃ

ক) প্রবেশপত্র কোনক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তবে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্রসহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) **রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

০৯। পরীক্ষা পরিচালনার খরচ ঃ

কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না। প্রতি পরীক্ষার্থীর নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪৫০/- টাকা মধ্যে ৩০০/- টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষানুষ্ঠানের ০৩ দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ১৫০/- টাকা দিয়ে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে।

১০। রেগুলেশন ঃ

২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.ac.bd** তে দেয়া আছে।

১১। সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে) ঃ

২০২৩ সালের ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৪-১৫ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১২। **পরীক্ষার সময়সূচি ও কেন্দ্র তালিকা ঃ**
পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকা যথাসময়ে ঘোষণা করা হবে।

১৩। **কলেজ অধিভুক্তি ঃ**
কলেজের অধিভুক্তির নবায়ন থাকতে হবে।

১৪। **ইন-কোর্স পরীক্ষা গ্রহণ ও নম্বর ফর্দ প্রেরণ ঃ**
নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইনকোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সফটওয়্যারের অনলাইনে পরীক্ষার্থীদের রেজিঃ নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। প্রেরিত নম্বরের প্রিন্ট কপি যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী পাস শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর এ তত্ত্বীয় পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

১৫। **ফলাফল ঃ** এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১৬। **গ্রেডিং সিস্টেম (Grading System) ঃ**
উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্ট (Grade Point) রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- (Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ (Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40% (less than 40%) | F (Fail) | 0.00 |

পাশ নম্বর

| | |
|---|---|
| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) (৮০ নম্বর লিখিত পরীক্ষা এবং ২০ নম্বর ইনকোর্স) |
| সর্বনিম্ন পাস নম্বর | ৪০ |
| সর্বনিম্ন গণনাযোগ্য ক্রেডিট | D |

* ১ম বর্ষ থেকে ২য় বর্ষে উত্তীর্ণ হওয়ার জন্য ০৭টি পত্রের মধ্যে কমপক্ষে ০৩টি পত্রে D গ্রেড বা তার চেয়ে বেশী গ্রেড পেতে হবে।
* সকল পত্রের পরীক্ষায় উপস্থিত থাকতে হবে।
* লিখিত ও ইন-কোর্স পরীক্ষার নম্বর যোগ করে ফলাফল নির্ধারণ করা হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd এ দেওয়া আছে।

বিঃ দ্রঃ ১। উক্ত পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ওয়েব-সাইট www.nu.ac.bd /www.nubd.info মারফত জানানো হবে। সংশ্লিষ্ট কলেজ ও কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে এ ওয়েব-সাইট থেকে তথ্য সংগ্রহ করে নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সংশ্লিষ্ট ছাত্রছাত্রী/অভিভাবককে অবহিত করতে হবে।

২। ফরমপূরণের আবেদন নিশ্চিত করতে প্রয়োজনীয় ফিসহ আবেদন ফরমটি কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে, অন্যথায় প্রবেশপত্র ইস্যু করা হবে না এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৩/১১/২৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং ০৫(৫৩৩) জাতীবি/পরীঃ/ডিগ্রী পাস/২০২৩/ ৫৯৮৭

তারিখ : ০৩/১১/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো ঃ
১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
৭। অফিস কপি।

০৩/১১/২৪
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ডিগ্রী পাস ও সার্টিফিকেট শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ